

সমিতির সভা, কিস্তি পরিশোধ ও ঋণ গ্রহণে সদস্যদের পালনীয়

নিজের বাড়ী/ঘরে পালনীয়:

১. প্রয়োজন ছাড়া ঘর থেকে বের হবেন না। ঘরে ঢুকানোর আগে সাবান দিয়ে হাত মুখ ও পা সাবান দিয়ে ধুয়ে নিন।
২. হাঁচি কাশি আসলে হাত ভাঁজ করে কনুয়ের ভিতরে মুখ ঢেকে নিন। নাকে মুখে হাত দিবেন না।
৩. কারো সাথে হাত মেলাবেন না এবং কোলাকুলি বা আলিঙ্গন করবেন না।
৪. ৩ ফুট দূরত্ব বজায় রেখে অন্য জনের সাথে কথা বলুন।
৫. বাড়িতে সবসময় সেন্ডেল পরে থাকবেন। বাহিরের সেন্ডেল ঘরে ব্যবহার করবেন না।
৬. যেখানে সেখানে পানের পিক, থুথু বা কাশি ফেলবেন না। থুথু বা কফ খেয়ে ফেলুন। থুতু, কাশি খেলে কোন সমস্যা হয়না।
৭. জ্বর, কাশির সাথে গলা ব্যথা ও শ্বাস কষ্ট হলে দ্রুত ডাক্তারের শরণাপন্ন হবেন।
৮. ঘরের আসবাবপত্র ও বাড়ির আঙ্গিনা পরিষ্কার রাখুন।
৯. রান্নার বাসন-কুশন, থালাবাটি, চামচ ইত্যাদি ভিমবার দিয়ে পরিষ্কার করুন অথবা ধুয়ে প্রতি দুই দিনে একবার কড়া রোদে কম পক্ষে ১ ঘণ্টা রাখুন।
১০. শিশুদের খাবার থালা বাসন, গ্লাস আলাদা রাখুন, নাকে মুখে হাত না দেওয়ার অভ্যাস গড়ে তুলুন। বাহিরে খেলাধুলা থেকে যথাসম্ভব দূরে রাখুন।
১১. বাড়িতে মেহমান আসাকে নিরুৎসাহিত করুন। নিজেরা বেড়াতে যাওয়া থেকে বিরত থাকুন।
১২. আপনার বাড়িতে বা আশেপাশে বিদেশ থেকে বা অন্য জেলা থেকে কেউ আসলে তার সাথে দেখা করবেন না। তাঁকে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টেনে যাওয়ার জন্য অনুরোধ করুন।

সমিতি পর্যায়ে পালনীয়:

১. করোনা পরিস্থিতির কারণে সমিতির সভা ভিন্ন ভাবে পরিচালিত হবে।
২. মাঠকর্মী একটি নির্দিষ্ট খোলা জায়গায় বসবেন, সদস্যগণ মুখে মাস্ক পড়ে আসবেন, গোল দাগ চিহ্নিত জায়গায় বসবেন এবং একজন একজন করে কিস্তি দিয়ে ঘরে ফিরে যাবেন।
৩. সমিতিতে অপ্রয়োজনীয় কথা বলবেন না, জটলা বাঁধবেন না, ৩ফুট (২ হাত) দূরত্ব বজায় রেখে দাঁড়ান বা বসুন এবং অপেক্ষা করুন। পাস বইয়ের ভিতরে টাকা রাখুন।
৪. আপনার শিশুকে দয়া করে সমিতিতে আনবেন না।

ঋণ গ্রহণে পালনীয়:

১. ঋণ নিতে যাওয়ার সময় অবশ্যই মুখে মাস্ক এবং সম্ভব হলে হাতে গ্লাভস পড়ুন। শিশুকে সাথে নিবেন না।
২. অফিসের দরজায় রাখা সাবান ও পানি দিয়ে ২০ সেকেন্ড হাত ধোঁত করুন। গোল দাগ চিহ্নিত জায়গায় দাঁড়িয়ে অপেক্ষা করুন।
৩. অফিসের নির্ধারিত কর্মী থার্মাল স্ক্যানার দিয়ে আপনার তাপমাত্রা পরিমাপ ও জুতার তলায় স্প্রে করার পর আপনি ফুটবাথে পা ঘষে অফিসের নির্ধারিত জুতা পড়ে অফিসে ঢুকবেন।
৪. অফিসের ভিতরে গোল দাগ চিহ্নিত জায়গায় বসুন এবং আপনাকে না ডাকা পর্যন্ত অপেক্ষা করুন।
৫. ঋণের টাকা গুনে এবং বুঝে নিয়ে যথাসম্ভব দ্রুত অফিস ত্যাগ করুন এবং অন্যকে ঋণ নেওয়ার সুযোগ করে দিন।
৬. করোনা ভাইরাস সংক্রমণমুক্ত থাকতে আমরা আপনার আন্তরিক সহযোগিতা কামনা করছি।

প্রধান কার্যালয়: বাড়ী # ১৩ (২য়তলা মেট্রো মেলডি), রোড # ২, শ্যামলী, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

টেলিফোন: ৮৮০২ ৯১২০৩৫৮/৯১১৮৪৩৫/৯১২৬১৩১

ই-মেইল: info@coastbd.net, web: www.coastbd.net

